তৃষ্ণার শান্তি,　　　সুন্দরকান্তি,
　　তুমি এলে নিখিলের সন্তাপভঞ্জন ॥
আঁকো ধরাবক্ষে　　　দিগ্‌বধূচক্ষে
　　সুশীতল সুকোমল শ্যামরসরঞ্জন ।
এলে বীরছন্দে　　　তব কটিবন্ধে
　　বিদ্যুৎ-অসিলতা বেজে ওঠে ঝঞ্ঝন ॥
তব উত্তরীয়ে　　　ছায়া দিলে ভরিয়ে—
　　তমালবনশিখরে নবনীল-অঞ্জন ।
ঝিল্লির মন্দ্রে　　　মালতীর গন্ধে
　　মিলাইলে চঞ্চল মধুকরগুঞ্জন ।
নৃত্যের ভঙ্গে　　　এলে নবরঙ্গে,
　　সচকিত পল্লবে নাচে যেন খঞ্জন ॥

---

Parjaay: Prokriti-Borsha, Taal: Tritaal, Raag: Behag
Visit www.geetabitan.com for notation and other detail